গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-১
www.ssd.gov.bd

নং-৫৮.০০.০০০০.০৯৩.০৬.০০৪.২০- ২৯৪

তারিখ: ০২ কার্তিক ১৪২৭ ব: / ১৮ আগস্ট ২০২০ খ্রি:

বিষয় : স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতাধীন সুরক্ষা সেবা বিভাগের ২০২০-২০২১ অর্থবছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতাধীন সুরক্ষা সেবা বিভাগের ২০২০-২০২১ অর্থবছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহের আগস্ট/২০২০ মাস পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা গত ২৯ সেপ্টেম্বর ২০২০ তারিখে ভার্চুয়াল (Zoom Online Platform) ভিডিও কনফারেন্স এর মাধ্যমে সুরক্ষা সেবা বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরণী পরবর্তী কার্যার্থে এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

১৮/১০/২০২০

(আরিফ আহমদ)
উপসচিব
ফোনঃ ৯৫৬৫৫৭৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুযায়ী নহে):

১. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
(দৃঃ আঃ জনাব জসীম উদ্দিন হায়দার, পরিচালক-১২)।
২. সদস্য (সিনিয়র সচিব), ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. সদস্য (সিনিয়র সচিব), কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৪. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৫. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৭. সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৮. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১০. মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১১. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১২. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১৩. অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন/কারা/উন্নয়ন/প্রশাসন ও অর্থ), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১৪. অর্থনৈতিক উপদেষ্টা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, বকশি বাজার, ঢাকা।
১৬. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১৭. যুগ্মসচিব (মাদক/অগ্নি), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১৮. পরিচালক (পূর্ত) ই ইন সিজ ব্রাঞ্চ, ওয়ার্কস ডাইরেক্টরেট, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১৯. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
২০. উপপ্রধান (পরিকল্পনা), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
২. প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরিকল্পনা শাখা
www.ssd.gov.bd

সুরক্ষা সেবা বিভাগের ২০২০-২০২১ অর্থবছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহের আগস্ট ২০২০ মাসের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত মাসিক পর্যালোচনা সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: শহিদুজ্জামান<br>সচিব<br>সুরক্ষা সেবা বিভাগ |
| তারিখ | : | ২৯ সেপ্টেম্বর ২০২০ খ্রি: |
| সময় | : | বেলা ১১.৩০ টা |
| স্থান | : | ভার্চুয়াল (Zoom Online Platform) ভিডিও কনফারেন্স |
| সভায় উপস্থিতি | | সভায় অর্থ বিভাগ, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি), পরিকল্পনা কমিশন, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, গণপূর্ত অধিদপ্তর ও স্থাপত্য অধিদপ্তরের প্রতিনিধি, মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, কারা মহাপরিদর্শক, অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন, প্রশাসন ও অর্থ, কারা ও উন্নয়ন), যুগ্মসচিব (অগ্নি/মাদক নিয়ন্ত্রণ), প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (স্বরাষ্ট্র), উপসচিব, পরিকল্পনা, সুরক্ষা সেবা বিভাগ ও সকল প্রকল্প পরিচালক সভায় অংশগ্রহণ করেন। |

সকল কর্মকর্তাকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। তিনি বর্তমান করোনা সংক্রমণ পরিস্থিতিতে স্বাস্থ্য সেবা বিভাগের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করে উন্নয়ন প্রকল্পের কাজ যথাসময়ে ও যথাযথভাবে বাস্তবায়নের জন্য পুনরায় সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান। তিনি বলেন, চলতি অর্থ বছরের প্রথম দু'মাস ইতোমধ্যে অতিক্রান্ত হয়েছে কিন্তু এ সময়ে এডিপি বাস্তবায়ন আশা ব্যঞ্জক নয়। তিনি নতুন অর্থবছরের শুরু হতে ক্রয় পরিকল্পনা প্রণয়ন করে প্রকল্পের বাস্তবায়ন কাজে প্রকল্প পরিচালকগণকে মনোনিবেশ করার জন্য অনুরোধ করেন। এ লক্ষ্যে তিনি এখনও যে সকল প্রকল্পের কর্ম ও ক্রয় পরিকল্পনা চূড়ান্ত হয়নি সে সকল প্রকল্পের প্রকল্প পরিচালকগণকে দ্রুত প্রকল্পভিত্তিক মাসিক, ত্রৈমাসিক ও বাৎসরিক কর্মপরিকল্পনা এবং ক্রয় পরিকল্পনা প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ এবং প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য আহবান জানান।

২। অত:পর সভার আলোচ্য সূচী অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করার জন্য তিনি উপসচিব (পরিকল্পনা)কে অনুরোধ জানান। উপসচিব (পরিকল্পনা) সভাকে জানান যে, ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) তে সুরক্ষা সেবা বিভাগের ১৬টি প্রকল্পের অনুকূলে ১১৭৭.১৬ কোটি টাকা বরাদ্দ আছে, যার মধ্যে জিওবি খাতে ১১৬৭.১৬ কোটি টাকা এবং প্রকল্প সাহায্য বাবদ ১০.০০ কোটি টাকা। বরাদ্দকৃত অর্থ হতে আগস্ট ২০২০ পর্যন্ত ১৭৮.৮৫ কোটি টাকা অবমুক্ত হয়েছে, যা বরাদ্দের ১৫.১৯% এবং ব্যয় হয়েছে মাত্র ৭.০৩ কোটি টাকা, যা মোট বরাদ্দের ০.৬০% এবং অবমুক্তকৃত অর্থের ৩.৯৩%। বরাদ্দের তুলনায় অর্থ অবমুক্তি কম হওয়ার বিষয়ে উপসচিব (পরিকল্পনা) সভাকে জানান যে, অর্থ বিভাগ প্রকল্পসমূহকে তিনটি অগ্রাধিকার ক্রমে বিভক্ত করে সর্বনিম্ন অগ্রাধিকার প্রকল্পসমূহের সমুদয় অর্থ অবমুক্তিতে সম্মতি না থাকায় বরাদ্দের তুলনায় অর্থ অবমুক্ত কম হয়েছে।

৩। সংস্থাওয়ারী প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে উপসচিব(পরিকল্পনা) সভাকে জানান যে, ২০২০-২০২১ অর্থবছরের এডিপি'তে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর (এফএসসিডি) কর্তৃক বাস্তবায়নাধীন ৫টি প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ৪৪০.০০ কোটি টাকা, অবমুক্ত করা হয়েছে ৭২.৫৬ কোটি টাকা (বরাদ্দের ১৬.৪৯%), ব্যয় হয়েছে ৬.০৭ কোটি টাকা, যা বরাদ্দের ১.৩৭% এবং অবমুক্তকৃত অর্থের ৮.৩৬%। কারা অধিদপ্তরের ৭টি প্রকল্পের অনুকূলে বরাদ্দ ৩৬৭.০৬ কোটি টাকা, অবমুক্ত করা হয়েছে ৩১.২৫ কোটি টাকা (বরাদ্দের ৮.৫১%), ব্যয় হয়েছে ০.০৪ কোটি টাকা, যা বরাদ্দের ০.০১০% এবং অবমুক্তকৃত অর্থের ০.১২%। বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের ৩টি প্রকল্পের অনুকূলে বরাদ্দ ৩৫০.১০ কোটি টাকা, অবমুক্ত হয়েছে ৭৫.০৪ কোটি টাকা (বরাদ্দের ২১.৪৩%) ব্যয় হয়েছে ০.৯২ কোটি টাকা, যা বরাদ্দের ০.২৬% এবং অবমুক্তকৃত অর্থের ১.২২%। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ১টি প্রকল্পের অনুকূলে বরাদ্দ ২০.০০ কোটি টাকা এবং এ প্রকল্পের কোনো অর্থ অবমুক্ত ও ব্যয় করা হয়নি।

৪। <u>বিগত সভার কার্যবিবরণী অনুমোদন</u> :

২৫.০৮.২০২০ তারিখে অনুষ্ঠিত মাসিক এডিপি সভার কার্যবিবরণী পাঠান্তে সভায় দৃঢ়ীকরণ করা হয়।

৫। **বাস্তবায়নাধীন প্রকল্পসমুহের বাস্তবায়ন অগ্রগতি আলোচনাঃ**

উপসচিব (পরিকল্পনা) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতায় সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন ২০২০-২১ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের অগ্রাধিকার তালিকা অনুযায়ী প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় নিম্নোক্তভাবে উপস্থাপন করেন:

**উচ্চ অগ্রাধিকার প্রাপ্ত ৩টি প্রকল্পের বিপরীতে এডিপি বরাদ্দ এবং বাস্তবায়ন অগ্রগতি**

- উচ্চ অগ্রাধিকার প্রাপ্ত ৩টি প্রকল্পের বিপরীতে এডিপি বরাদ্দ সুরক্ষা সেবা বিভাগের মোট এডিপি বরাদ্দের ৪৫%।
- পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার এর ইতিহাস, ঐতিহাসিক ভবন সংরক্ষণ ও পারিপার্শ্বিক উন্নয়ন শীর্ষক প্রকল্প (জুলাই ২০১৮ থেকে ডিসেম্বর ২০২০ পর্যন্ত)।
- বিবেচ্য প্রকল্পটি বাস্তবায়নে বেশ কিছু সমস্যার উদ্ভব ঘটেছে। এর মধ্যে-প্রকল্প এলাকায় অবস্থিত কম্বল ফ্যাক্টরী স্থানান্তর, প্রাথমিক বিদ্যালয় ও মসজিদ অপসারণ এবং মাজার স্থানান্তরের মাধ্যমে চলাচলের রাস্তার বাধা অপসারণ ইত্যাদি রয়েছে। এ ছাড়াও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মার্কেট সরানো একটি আন্তঃবিভাগ/মন্ত্রণালয় সংক্রান্ত বিষয় বিবেচনায় নিতে হবে।
- এটি একটি নির্মাণধর্মী প্রকল্প। দ্রুত সমস্যা সমাধান করে প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম শুরু করলেও পূর্ত ক্রয় শুরুর আনুষঙ্গিক কার্যাদি সম্পন্ন করে দরপত্র আহবান, মুল্যায়ন শেষে কার্যাদেশ প্রদান, ঠিকাদার সাইট বুঝে যন্ত্রপাতি ও মালামাল সাইটে এনে কাজ শুরু করতে আনুমানিক ৬-৮ মাস সময় প্রয়োজন হবে।
- এতে নির্মাণ কাজের ২০% অগ্রগতি সাপেক্ষে চলতি বিল পরিশোধ বিবেচনায় নিলে ৫০০.০০ কোটি টাকার কার্যাদেশ প্রদান ও নির্মাণ কাজ মার্চ/২০২১ এর মধ্যে শুরু করা গেলেই কেবল ১০০.০০ কোটি টাকা ব্যয় করা সম্ভব হবে। এ বিবেচনায় চলতি বছরের বরাদ্দ কারা কর্তৃপক্ষ একই সেক্টরের চলমান অন্য প্রকল্পের সক্ষমতা বিবেচনায় আন্তঃ প্রকল্প সমন্বয় করা যেতে পারে।
- ফলশ্রুতিতে প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদ বৃদ্ধি ও সংশোধন প্রয়োজন হতে পারে।

- বাংলাদেশে ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তন প্রকল্পঃ
  বিবেচ্য প্রকল্পের চলমান কার্যাদেশ বাস্তবায়নের অংশ হিসাবে চলতি বছরের বরাদ্দ ব্যয় সম্ভব বলে প্রকল্প কর্তৃপক্ষ কর্ম পরিকল্পনা প্রণয়ন করেছেন। আগামী ডিসেম্বর/২০২০ এবং মার্চ/২০২১ এর মধ্যে দু'টি এলসির বিপরীতে প্রকল্প বরাদ্দের ৯৫% অর্থ ব্যয়িত হবে বলে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন।

- দেশের গুরুত্বপূর্ণ ২৫টি (সংশোধিত-৪৬টি) উপজেলা সদর/স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন (২য় সংশোধন) প্রকল্পঃ

- বিবেচ্য প্রকল্পটি নির্মাণধর্মী এবং জমি অধিগ্রহণ বিষয়ে জটিলতা রয়েছে। ফলে প্রকল্পটি সংশোধনের প্রয়োজন রয়েছে। প্রকল্পের আওতায় ৪৬টি ফায়ার স্টেশন নির্মাণের পরিকল্পনা থাকলেও ৫-৬টি ফায়ার স্টেশন জমি অধিগ্রহণ জটিলতায় নির্মাণ করা সম্ভব হবে না বলে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন।
- এ প্রকল্পের বিপরীতে প্রদত্ত বরাদ্দ ব্যয় এবং প্রকল্পের কর্ম ও ক্রয় পরিকল্পনা প্রণয়নে বিদ্যমান বাধাসমূহ দুরীকরণের বিষয়ে প্রকল্প পরিচালক ব্যবস্থা গ্রহণ করবেন বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়।

**মধ্যম অগ্রাধিকার প্রাপ্ত ৩টি প্রকল্পের বিপরীতে এডিপি বরাদ্দ বাস্তবায়ন চ্যালেঞ্জ**

- মধ্যম অগ্রাধিকার প্রাপ্ত ৭টি প্রকল্পের বিপরীতে এডিপি বরাদ্দ মোট এডিপি বরাদ্দের ৩৩%।
- ৭টি প্রকল্পের মধ্যে ৩টি কারা অধিদপ্তর, ৩টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের এবং ১টি প্রকল্প পাসপোর্ট অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন।
- মধ্যম অগ্রাধিকার প্রাপ্ত ৭টি প্রকল্পই চলমান এবং এর মধ্যে ৫টি প্রকল্প নির্মাণধর্মী। ফলে এ সকল প্রকল্পের নির্মাণ ও পন্য ক্রয় কার্য পূর্ব হতে চলমান আছে। ফলে কর্ম পরিকল্পনায় চলতি ক্রয়ের বিপরীতে চলতি বিল পরিশোধের সুযোগ রয়েছে।
- সবক'টি প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ রয়েছে।
- এ সকল প্রকল্পের মধ্যে নিম্নোক্ত প্রকল্পসমুহের সংশোধন প্রয়োজন রয়েছেঃ
  কারা প্রশিক্ষণ একাডেমি, রাজশাহী নির্মাণ প্রকল্প, ১৭টি আঞ্চলিক পাসপোর্ট অফিস নির্মাণ প্রকল্প, দেশের গুরুত্বপূর্ণ উপজেলা সদর/স্থানে ১৫৬টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন (১ম সংশোধন) প্রকল্প, ১১টি মডার্ণ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন প্রকল্প।
- এ সকল প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতির হার চলতি অর্থ বছরের প্রথম দু'মাসে, ৫টি প্রকল্প ০%।
- এ সকল প্রকল্প দ্রুত সংশোধনের উদ্যোগ গ্রহণ করা না হলে এডিপি বাস্তবায়ন সন্তোষজনক নাও হতে পারে।
- দেশের গুরুত্বপূর্ণ উপজেলা সদর/স্থানে ১৫৬টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন (১ম সংশোধন) প্রকল্পটির জমি অধিগ্রহণ সংক্রান্ত জটিলতা, চলমান নির্মাণ কাজের বাস্তবায়নের নিম্নগতি সংক্রান্ত জটিলতা রয়েছে। এডিপি বরাদ্দ ব্যয়ের লক্ষ্যে চলমান নির্মাণ কাজের গতি বৃদ্ধি এবং ক্রয় পরিকল্পনা যথাযথভাবে প্রণয়ন করতে হবে।
- কুমিল্লা কেন্দ্রীয় কারাগার পুনঃনির্মাণ প্রকল্পের বিভিন্ন প্যাকেজের দরপত্রের উল্লেখিত দর প্রাক্কলিত দরের ১০% এর অধিক হওয়ায় বাস্তবায়ন অগ্রগতি বাধাগ্রস্থ হচ্ছে। এ বিষয়ে গৃহীতব্য কৌশল প্রণয়নে কারা মহা পরিদর্শক উদ্যোগ গ্রহণ না করলে প্রকল্পটি দুর্বল প্রকল্পে পরিণত হতে পারে।
- উচ্চ ও মধ্যম অগ্রগতির ১০টি প্রকল্পের বিপরীতে মোট এডিপি বরাদ্দ ৯০৭.৬০ কোটি টাকা যা সুরক্ষা সেবা বিভাগের মোট এডিপি বরাদ্দের ৭৮%। অর্থাৎ এই দুই অগ্রাধিকার খাতের শতভাগ অর্থ ব্যয়িত হলেও এ বিভাগের এডিপি বাস্তবায়ন অগ্রগতির হার হবে ৭৮%।

**নিম্ন অগ্রাধিকার প্রাপ্ত ৬টি প্রকল্প**

- নিম্ন অগ্রাধিকার প্রাপ্ত ৬টি প্রকল্পের বিপরীতে এডিপি বরাদ্দ মোট এডিপি বরাদ্দের ২২%।
- অর্থ বিভাগের পরবর্তী নির্দেশনা না পাওয়া পর্যন্ত এ সকল প্রকল্পের বিপরীতে প্রদত্ত বরাদ্দের শুধুমাত্র বেতন-ভাতা ছাড়া অন্য কোন খাতে অর্থ ব্যয় করা যাবে না।
- যদি ধরে নেয়া যায় যে, ৩য় কিস্তিতে এ সকল প্রকল্পের অর্থ ব্যয়ের অনুমতি মিলবে তথাপি অর্থ বছরের শেষ সময়ে বরাদ্দকৃত অর্থের ৪০% অর্থ ব্যয় করা সম্ভব হতে পারে।
- ৬টি প্রকল্পের মধ্যে ৩টি কারা অধিদপ্তর, ১টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের এবং ১টি প্রকল্প পাসপোর্ট অধিদপ্তর এবং একটি প্রকল্প মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন।
- অসুবিধাজনক দিক হলো ৬টি প্রকল্পই চলমান এবং এর মধ্যে ৬টি প্রকল্পই নির্মাণধর্মী। ফলে এ সকল প্রকল্পের চলমান নির্মাণ কার্য স্থগিত হয়ে থাকবে। এতে ইতোমধ্যে যতটুকু নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে তা ক্ষতিগ্রস্থ হতে পারে। এ বিষয়ে গর্ণপূর্ত বিভাগ ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক করণীয় নির্ধারণ করে মন্ত্রণালয়কে অবহিত করবে।
- সবক'টি প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ রয়েছে।

- এ সকল প্রকল্পের মধ্যে নরসিংদী জেলা কারাগার নির্মাণ ব্যতীত অবশিষ্ট ৫টি প্রকল্পের সংশোধন প্রয়োজন রয়েছে।

৮। সভার এ পর্যায়ে সভাপতি সভায় অংশগ্রহণকারী পরিকল্পনা কমিশন ও আইএমইডি বিভাগের প্রতিনিধির মতামত/বক্তব্য আহবান করেন। আইএমইডি'র পরিচালক বলেন, ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ অর্থ বছরে সমাপ্ত হয়েছে কিন্তু এখনও সমাপ্ত সকল প্রকল্পের পিসিআর পাওয়া যায়নি। প্রকল্প সমাপ্তির পরবর্তী তিন মাসের মধ্যে পিসিআর প্রদানের নীতিমালা রয়েছে বলে উল্লেখ করে এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরো বলেন যে, সমাপ্ত এবং চলমান উন্নয়ন প্রকল্প পরিদর্শন করে আইএমইডি নিয়মিত পরিদর্শন প্রতিবেদন সুপারিশ সহকারে সংশ্লিষ্ট সকলের কাছে প্রেরণ করে থাকে। কিন্তু এ সকল প্রতিবেদনের সুপারিশ/মন্তব্যের আলোকে গৃহীত কার্যক্রম আইএমইডিকে অবহিত করা হয় না। এ বিষয়ে তিনি সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করে নির্দেশনা প্রদানের অনুরোধ জানান। তিনি আরো উল্লেখ করেন যে, বিভিন্ন সময়ে প্রকল্প এলাকা পরিদর্শনে গিয়ে জানা যায় যে, প্রকল্পটির বাস্তবায়নে বিভিন্ন অংশের ভেরিয়েশন করে কার্য সম্পন্ন করা হচ্ছে। অনুসন্ধান করে দেখা গেছে অধিকাংশ ক্ষেত্রে প্রকল্প পরিচালক, বাস্তবায়নকারী সংস্থা এবং মন্ত্রণালয়কে কোনরুপ অবহিত না করেই মাঠ পর্যায়ে গণপূর্ত বিভাগের সংশ্লিষ্ট প্রকৌশলী একক সিদ্ধান্তে ভেরিয়েশন করছেন যা পরিকল্পনা নীতিমালার পরিপন্থী। তিনি ভবিষ্যতে এ জাতীয় ভেরিয়েশন যাতে আর না ঘটে সে লক্ষ্যে মন্ত্রণালয়কে যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।

৯। ২০২০-২১ অর্থবছরের এডিপিতে বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্পের অগ্রাধিকার ক্রম নিমোক্তভাবে সভায় উপস্থাপন করা হয়:

- এডিপিতে অননুমোদিত প্রকল্প অন্তুর্ভুক্ত আছে ৩৬টি। কার্যক্রম বিভাগ অননুমোদিত প্রকল্পের ও অগ্রাধিকারক্রম নির্ধারণ করে এ সংক্রান্ত করণীয় সম্পর্কে অনুসরণীয় নীতি সকলকে অবহিত করেছে।
- ৩৬টি অননুমোদিত প্রকল্পের মধ্যে ১৭টি প্রকল্প (ভৌত পরিকল্পনা সেক্টরে ১২টি, জন প্রশাসন সেক্টরে ৪টি, স্বাস্থ্য, পুষ্টি, জনসংখ্যা ও পরিবার কল্যাণ সেক্টরে ১টি) উচ্চ অগ্রাধিকার সম্পন্ন। মধ্যম অগ্রাধিকার ৩টি(ভৌত পরিকল্পনা সেক্টরে ২টি ও জন প্রশাসন সেক্টরে ১টি)। নিম্ন অগ্রাধিকার ক্রমে ১৬টি (ভৌত পরিকল্পনা সেক্টরে ১৩টি ও জন প্রশাসন সেক্টরে ৩টি)।

১০। <u>বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়</u> :

<u>সাধারণ সিদ্ধান্ত:</u>

(১০.১) চলমান কোভিড ১৯ এর কারণে সরকারি বিধি নিষেধ অনুসরণ করে পূর্ত কাজ চলমান রাখার বিষয়ে সকলকে সচেষ্ট হতে হবে;

(১০.২) যে সকল প্রকল্প সংশোধনের প্রয়োজনীয়তা রয়েছে এবং সময় মেয়াদ বৃদ্ধি করতে হবে সে সকল প্রকল্পের ডিপিপি অতি দ্রুত সংশোধনের আনুষঙ্গিক কার্যাদি সম্পন্ন করে আরডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং মেয়াদ বৃদ্ধির প্রস্তাব প্রেরণ করতে হবে;

(১০.৩) প্রত্যেকটি প্রকল্প সুষ্ঠুভাবে এবং নির্ধারিত সময়ে বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত ডিপিপির প্রভিশন অনুযায়ী সরকারি সকল বিধি বিধান মেনে ও কাজের গুণগতমান বজায় রেখে প্রকল্পের কার্যক্রম পরিচালনা করতে হবে;

(১০.৪) যে সকল প্রকল্পে বর্তমান অর্থবছরে যন্ত্রপাতি/সরঞ্জাম ক্রয় রয়েছে যেসকল প্রকল্পের ক্রয় কার্যক্রমের নিমিত্ত কারিগরি বিনির্দেশনা (Technical Specification) প্রণয়ন ও কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ এবং কার্যাদেশ প্রদান করা;

(১০.৫) প্রকল্প পরিচালকগণ প্যাকেজ ভিত্তিক এবং কম্পোনেন্ট ওয়াইজ প্রকল্পের বিভিন্ন কার্যক্রম এবং গৃহীত পদক্ষেপের হালনাগাদ তথ্য ও অগ্রগতির প্রতিবেদন এবং প্রকল্প সাইটের নির্মিতব্য অবকাঠামোর বিভিন্ন এঞ্জোলের ছবি পরবর্তী সভায় উপস্থাপন করবেন এবং প্রকল্পের কর্মপরিকল্পনা এবং ক্রয় পরিকল্পনা অনুসরণপূর্বক কার্যক্রম বাস্তবায়ন করবেন;

(১০.৬) প্রকল্প বাস্তবায়ন, অর্থছাড়, মনিটরিং, প্রশিক্ষণসহ প্রকল্পের বিষয়ে সকল প্রকার যোগাযোগ উন্নয়ন উইং এর মাধ্যমে সম্পাদন করতে হবে;

(১০.৭) কাজের গুণগত মান বজায় রেখে প্রকল্পের অনুকূলে বর্তমান অর্থবছরে বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যয় নিশ্চিত করতে হবে;

(১০.৮) পরিকল্পনা কমিশনের বিদ্যমান পরিপত্র অনুযায়ী প্রতি ০৩ মাস অন্তর প্রকল্পের পিআইসি সভা এবং প্রতি ০৪ মাস অন্তর প্রকল্পের স্টিয়ারিং কমিটির সভা আহবান করতে হবে;

(১০.৯) ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ অর্থ বছরে সমাপ্ত হয়েছে কিন্তু পিসিআর এখনও মন্ত্রণালয়ে পাওয়া যায়নি এমন সমাপ্ত প্রকল্পের পিসিআর এবং ২০১৯-২০২০ অর্থবছরে সমাপ্ত ৩টি প্রকল্প যথাক্রমে (ক) ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরাণীগঞ্জ নির্মাণ (৩য় সংশোধিত), (খ) মহিলা কারারক্ষিদের জন্য আবাসন নির্মাণ এবং (গ) The project for illicit Drug Eradication and Advanced Management through It (I DERAM it)] সমাপ্ত প্রতিবেদন (পিসিআর) আগামী ২০ অক্টোবর ২০২০ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়া; মহিলা কারারক্ষিদের জন্য আবাসন নির্মাণ প্রকল্পে সংশোধনের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে;

(১০.১০) (ক) ডিপিপিতে বরাদ্দবিহীনভাবে অন্তর্ভুক্ত অননুমোদিত এবং মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্পসমূহের ডিপিপি প্রণয়ন করে দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;
(খ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে (এপিএ) অন্তর্ভুক্ত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি ত্বরান্বিত করা এবং নতুন প্রকল্পের ডিপিপি আগামী ১৫ দিনের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;
(গ) নতুন প্রকল্পের অগ্রাধিকার তালিকা অনুসরণ করে ডিপিপি প্রণয়ন করে প্রেরণ করা;

(১০.১১) ভূমি অধিগ্রহণ সংক্রান্ত প্রস্তাব প্রেরণের সাথে প্রকল্প পরিচালক কর্তৃক সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন ও প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে;

(১০.১২) পিডব্লিউডিসহ মাঠ-পর্যায়ের সংশ্লিষ্ট সকলের সাথে সমন্বয় করে প্রকল্পের কাজ করতে হবে। প্রকল্প পরিচালকগণ স্ব স্ব এলাকায় অবস্থান করে নিয়মিতভাবে প্রকল্পের কাজ তদারকি করবেন;

(১০.১৩) নভেল করোনা ভাইরাসের প্রাদুর্ভাবে সৃষ্ট পরিস্থিতিতে ২০২০-২০২১ অর্থবছরের এডিপি বাস্তবায়নের ক্ষেত্রে অর্থ বিভাগ হতে গত ০৮ জুলাই ২০২০ তারিখে জারিকৃত পরিপত্র অনুযায়ী মধ্যম অগ্রাধিকার এবং নিম্ন অগ্রাধিকার সংশ্লিষ্ট প্রকল্পসমূহের অর্থছাড় এবং ব্যয়ের ক্ষেত্রে প্রয়োজনীয় ক্ষেত্রে মন্ত্রণালয় এবং অর্থ বিভাগের সম্মতি গ্রহণের নীতি অনুসরণ করতে হবে;

(১০.১৪) প্রত্যেক প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে প্রকল্পের সাথে সংশ্লিষ্ট সকলের নিয়মিত প্রকল্প পরিদর্শন করা এবং প্রকল্প এলাকায় সাইটবুক সংরক্ষণ করা যাতে পরিদর্শনকারী কর্মকর্তাগণ কাজের মান ও অন্যান্য বিষয়ে মতামত প্রদান করতে পারেন;

(১০.১৫) পরিকল্পনা নীতিমালা অনুযায়ী প্রকল্পের অনুমোদিত অঙ্গভিত্তিক ব্যয় ও পরিমাণের ব্যতয়ের ক্ষেত্রে যে নীতি ও বিধি অনুসরণের অনুশাসন রয়েছে তা যথাযথভাবে অনুসরণ করতে হবে; এর অন্যথা হলে তা সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত দায় হিসাবে গণ্য করা হবে।

অর্থ বিভাগ প্রণীত অগ্রাধিকার তালিকা অনুযায়ী প্রকল্পভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত:

উচ্চ অগ্রাধিকার

| ক্র: নং | প্রকল্পের নাম | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১। | পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার এর ইতিহাস, ঐতিহাসিক ভবন সংরক্ষণ ও পারিপার্শ্বিক উন্নয়ন প্রকল্প। | ক) বিবেচ্য প্রকল্পটি বাস্তবায়নে বেশ কিছু সমস্যার উদ্ভব ঘটেছে। এর মধ্যে- প্রকল্প এলাকায় অবস্থিত কম্বল ফ্যাক্টরী স্থানান্তর, প্রাথমিক বিদ্যালয় ও মসজিদ অপসারণ এবং মাজার স্থানান্তরের মাধ্যমে চলাচলের রাস্তার বাধা অপসারণ ইত্যাদি রয়েছে। এ ছাড়াও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মার্কেট সরানো একটি আন্তঃবিভাগ/মন্ত্রণালয় সংক্রান্ত সমস্যা।<br>খ) প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদ বৃদ্ধি ও সংশোধন প্রয়োজন।<br>গ) বিবেচ্য প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে সভাকে অবহিত করা হয় যে প্রকল্প এলাকায় অবস্থিত স্থাপনা সমূহের ৮০ ভাগ অপসারণ করা হয়েছে। প্রকল্পের আওতায় নিয়োজিত পরামর্শ প্রতিষ্ঠান ২০%ভবনের নকশা প্রণয়ণ সম্পূর্ন করেছে। | ক) মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর সভাপতিত্বে আন্তঃমন্ত্রণালয় সভা আহবান করে দ্রুত উদ্ভত সমস্যার সমাধান করতে হবে।<br>খ) বাস্তবায়ন মেয়াদ বৃদ্ধি ও সংশোধনের লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। |
| ২। | বাংলাদেশে ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তন প্রকল্প। | কর্ম পরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম পরিচালনা করা। | ক) অবশিষ্ট আঞ্চলিক পার্সপোট অফিসসমূহে এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমুহে দ্রুত কানেকটিভিটির ব্যবস্থা গ্রহণ করতে হবে। |
| ৩। | দেশের গুরুত্বপূর্ণ ২৫টি (সংশোধিত ৪৬টি) উপজেলা সদর/স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন প্রকল্প (২য় সংশোধিত)। | বিবেচ্য প্রকল্পটি নির্মাণধর্মী এবং জমি অধিগ্রহণ বিষয়ে জটিলতা রয়েছে। ফলে প্রকল্পটি সংশোধনের প্রয়োজন রয়েছে। প্রকল্পের আওতায় ৪৬টি ফায়ার স্টেশন নির্মাণের পরিকল্পনা থাকলেও ৫-৬টি ফায়ার স্টেশন জমি অধিগ্রহণ জটিলতায় নির্মাণ করা সম্ভব হবে না বলে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন।<br>এ প্রকল্পের বিপরীতে প্রদত্ত বরাদ্দ ব্যয় এবং প্রকল্পের কর্ম ও ক্রয় পরিকল্পনা প্রণয়ণে বিদ্যমান বাধাসমূহ দুরীকরণের বিষয়ে প্রকল্প পরিচালক ব্যবস্থা গ্রহণ করবেন বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | ক) নির্ধারিত সময়ে প্রকল্প সমাপ্ত করতে হবে।<br>খ) যে সমস্ত উপজেলার ফায়ার স্টেশন নির্মাণ করা সম্ভব হবে না সেগুলো প্রকল্পের ডিপিপি থেকে বাদ দিয়ে ডিপিপি পুন: গঠনের উদ্যোগ গ্রহণ করতে হবে। |

মধ্যম অগ্রাধিকার

| ক্র: নং | প্রকল্পের নাম | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ৪। | কারা নিরাপত্তা আধুনিকায়ন (ঢাকা, চট্টগ্রাম ও ময়মনসিংহ বিভাগ) প্রকল্প। | প্রকল্পটির চলতি অর্থ বছরে এডিপি বরাদ্দের অগ্রগতি বাস্তবায়ন এখন পর্যন্ত শূন্য। প্রকল্পের আওতায় বিভিন্ন কারাগার স্থাপিত যন্ত্রপাতি যেমন: সিসি টিভি ক্যামেরা কার্যকর নয় বলে আইএমইডি প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে; এ বিষয়ে আইএমইডি'র প্রতিনিধি বলেন প্রতিবেদনের প্রদত্ত মন্তব্যের আলোকে এখনও কারা অধিদপ্তরের জবাব পাওয়া যায়নি। | ক) প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ত্বরান্বিত করতে হবে।<br>খ) প্রকল্পের আওতায় বিভিন্ন কারাগার স্থাপিত যন্ত্রপাতি যেমন: সিসি টিভি ক্যামেরা কার্যকর নয় বলে আইএমইডি প্রতিবেদনে উল্লেখিত বিষয়ে প্রকল্প পরিচালক কারা মহাপরিদর্শকের মাধ্যমে যথাশীঘ্র এ সম্পর্কে একটি পূর্নাঙ্গ প্রতিবেদন প্রেরণ করবেন। |
| ৫। | কারা প্রশিক্ষণ একাডেমী, রাজশাহী প্রকল্প। | প্রকল্পের ডিপিপি সংশোধনের প্রয়োজনীয়তা রয়েছে বলে সভাকে অবহিত করা হয়। | ক) ১ম সংশোধিত ডিপিপি অক্টোবর/২০২০ এর মধ্যে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে। |
| ৬। | কুমিল্লা কেন্দ্রীয় কারাগার পুন:নির্মাণ প্রকল্প। | চলতি অর্থ বছরে এডিপিতে প্রকল্পটির অর্থ বরাদ্দ রয়েছে ৫০ কোটি টাকা। চলতি মাস পর্যন্ত প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতি শূন্য। প্রকল্পে পুর্ণকালীন প্রকল্প পরিচালক নিয়োজিত নেই। | পূর্ণকালীন প্রকল্প পরিচালক নিয়োগের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের পত্র প্রেরন করতে হবে। |
| ৭। | ১৭টি আঞ্চলিক পাসপোর্ট অফিস নির্মাণ প্রকল্প (১ম সংশোধিত)। | প্রকল্পটির আওতায় নির্মাণাধীন বাগেরহাট জেলার আঞ্চলিক পাসপোর্ট অফিস নির্মাণ কাজ বন্ধ রয়েছে। মাদারীপুরের জমি অধিগ্রহণের বিষয়ে মামলা সংক্রান্ত জটিলতা আছে।<br>প্রকল্পটির ডিপিপি সংশোধন করতে হবে। | (ক)বাগেরহাটের নির্মান কাজ যথা শীঘ্র চালু করতে হবে।<br>(খ)মাদারীপুরের জমি অধিগ্রহণ সংক্রান্ত মামলা নিষ্পত্তির লক্ষ্যে দ্রুত উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>গ) অক্টোবর/২০২০ এর মধ্যে সংশোধিত ডিপিপি সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে। |
| ৮। | দেশের গুরুত্বপূর্ণ বিভিন্ন উপজেলা/স্থানে ১৫৬টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন (১ম সংশোধিত) প্রকল্প। | প্রকল্পটি সংশোধনের প্রয়োজনীয়তা রয়েছে। এ বিষয়ে কার্যক্রম গ্রহণ প্রয়োজন। | প্রকল্প সংশোধনের জন্য পিআইসি ও পিএসসি সভা আহ্বান করতে হবে। |

| | | | |
|---|---|---|---|
| ৯। | Strengthening Ability of Fire Emergency Response (SAFER) Project প্রকল্প। | প্রকল্পের মেয়াদ বৃদ্ধির বিষয়ে প্রস্তাব ইআরডিতে প্রেরণ করা হয়েছে। এখনও মতামত পাওয়া যায়নি বিষয়টি ত্বরান্বিত করতে হবে। | (ক) দ্রুত ডিপিপি সংশোধনের উদ্যোগ গ্রহণ করা;<br><br>(খ) প্রকল্পের মেয়াদ বৃদ্ধি ত্বরান্বিত করা। |
| ১০। | ১১টি মডার্ণ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন প্রকল্প। | প্রকল্পের প্রথম সংশোধিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। | ১ম সংশোধিত ডিপিপি অনুমোদনের লক্ষ্যে উদ্যোগ গ্রহণ করতে হবে। |
| | | নিম্ন অগ্রাধিকার | |
| ১১। | ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্প। | প্রকল্পের প্রথম সংশোধিত ডিপিপি মন্ত্রণালয়ে পাওয়া গেছে। | আরডিপিপি মন্ত্রণালয়ে পাওয়া গেছে । সংশোধিত ডিপিপি প্রাক্কলন অস্বাভাবিক হারে বৃদ্ধি পাওয়ায় আরডিপিপি পরীক্ষার কাজ চলমান রয়েছে। |
| ১২। | খুলনা জেলা কারাগার নির্মাণ প্রকল্প (১ম সংশোধিত) | প্রকল্পের সংশোধিত ডিপিপির বিষয়ে সংশ্লিষ্ট তথ্য প্রেরণের জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ করা হয়েছে। | মন্ত্রণালয় চাহিত তথ্য দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। |
| ১৩। | নরসিংদী জেলা কারাগার নির্মাণ প্রকল্প | টেন্ডার আহ্বান সংক্রান্ত বিষয় | টেন্ডার আহ্বান সংক্রান্ত বিষয়সমূহ ত্বরান্বিত করা। |
| ১৪। | ১৬টি আঞ্চলিক পাসপোর্ট অফিস নির্মাণ প্রকল্প। | ১৬টি আঞ্চলিক পাসপোর্টের মধ্যে ১৭ আঞ্চলিক পার্সপোট অফিস প্রকল্পের আওতায় নিমার্ণ করা সম্ভব হবে না এমন ১টি আঞ্চলিক পাসপোর্ট অফিস অন্তর্ভুক্ত হবে। যশোর আঞ্চলিক পার্সপোট অফিস চলমান ২টি প্রকল্পে অন্তর্ভূক্ত না থাকায় ই-পার্সপোট প্রকল্পের আওতায়ন ডিআরসি স্তাপন করা যাচ্ছে না। যশোরে অবস্থিত ডিজেস্টার সেন্টার উর্ধ্বমুখী সম্প্রসারণের মাধ্যমে ই-পাসপোর্টের জন্য স্থান সংকুলান করা যেতে পারে। | (ক)প্রকল্পের আরডিপিপি,তে ১৭ টি আঞ্চলিক পাসপোর্ট সম্ভব হবে না এমন ১৭ আঞ্চলিক পার্সপোট অফিস প্রকল্পের আওতায় নিমার্ণ করা সম্ভব হবে না এমন একটি আঞ্চলিক পাসপোর্ট অফিস এবং যশোর ডিজেস্টার সেন্টার উর্ধ্বমুখী সম্প্রসারণের মাধ্যমে ই-পাসপোর্টের সংকুলানের লক্ষ্যে ডিপিপি সংশোধন করতে হবে। |